বিপাশার তীরে ভ্রমিবারে যাই,   প্রতিদিন প্রাতে দেখিবারে পাই
লতা-পাতা-ঘেরা জানালা-মাঝারে   একটি মধুর মুখ ।।
চারি দিকে তার ফুটে আছে ফুল— কেহ বা হেলিয়া পরশিছে চুল,
দুয়েকটি শাখা কপাল ছুঁইয়া,   দুয়েকটি আছে কপোলে নুইয়া,
কেহ বা এলায়ে চেতনা হারায়ে   চুমিয়া আছে চিবুক ।
বসন্তপ্রভাতে লতার মাঝারে   মুখানি মধুর অতি—
অধর-দুটির শাসন টুটিয়া   রাশি রাশি হাসি পড়িছে ফুটিয়া,
দুটি আঁখি-’পরে মেলিছে মিশিছে   তরল চপল জ্যোতি ।।

---

Parjaay: Natya-geeti, Taal: Ektaal, Raag: Khat
Visit www.geetabitan.com for notation and other detail